# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 23 April, 2025

জম্মু ও কাশ্মীরের কুলগামে 'সন্ত্রাসীদের সঙ্গে' নিরাপত্তা বাহিনীর তীব্র 'বন্দুকযুদ্ধ' চলছে বলে জানিয়েছেন স্থানীয় কর্মকর্তারা।

সংশ্লিষ্ট সূত্রের বরাত দিয়ে সংবাদমাধ্যম এনডিটিভি জানিয়েছে, ভারতে অনুপ্রবেশের চেষ্টাকারী দুই 'সন্ত্রাসীকে' গুলি করে হত্যা করার কয়েক ঘণ্টা পর এবং জনপ্রিয় পর্যটনকেন্দ্র পহেলগামে 'সন্ত্রাসীদের হাতে' ২৬ জন নিহত হওয়ার একদিন পর আজ (বুধবার, ২৩ এপ্রিল) সন্ধ্যায় এই সংঘর্ষ শুরু হয়।

কুলগামের তানিমার্গে এই সংঘর্ষ চলছে বলে উল্লেখ করা হয়েছে প্রতিবেদনে।

এছাড়া, মঙ্গলবারের (২২ এপ্রিল) হামলার ঘটনায় 'জিজ্ঞাসাবাদের জন্য' জম্মু ও কাশ্মীরজুড়ে প্রায় ১,৫০০ জনকে আটক করা হয়েছে বলেও খবর পাওয়া গেছে।

এদিকে ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভার নিরাপত্তা সংক্রান্ত কমিটির (সিসিএস) সঙ্গে জরুরি বৈঠক করেছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। স্থানীয় সময় বুধবার (২৩ এপ্রিল) সন্ধ্যা ৬টা নাগাদ নয়াদিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে ওই বৈঠক শুরু হয়।

সিসিএস-এর অন্যতম সদস্য কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ। তিনি ইতোমধ্যে যুক্তরাষ্ট্র-পেরু সফর কাটছাঁট করে ভারতে ফিরেছেন। কাশ্মীরের পহেলগামে পর্যটকদের হত্যার ঘটনার পরবর্তী পদক্ষেপের বিষয়ে এ বৈঠকে আলোচনা হয়েছে বলে অনুমান করা হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভার নিরাপত্তা সংক্রান্ত কমিটির নেতৃত্বে রয়েছেন নরেন্দ্র মোদি। এছাড়া প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, অর্থমন্ত্রী নির্মলা এবং পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর রয়েছেন এই কমিটিতে।

এর আগে, পহেলগামের হত্যাকাণ্ডের খবর পেয়ে সৌদি আরব সফরে কাটছাঁট করে ভারতে ফেরেন মোদি। নয়াদিল্লিতে পৌঁছেই জাতীয় নিরাপত্তা দোভাল এবং জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেন তিনি।প্রতিরক্ষামন্ত্রী রাজনাথও আলাদা করে দোভালের সঙ্গে একটি বৈঠক করেছেন। ওই বৈঠকে উপস্থিত ছিলেন বিমান বাহিনীর এয়ার চিফ মার্শাল এপি সিং এবং অন্য কর্তারা। সূত্রের খবর, কাশ্মীর উপত্যকায় নিরাপত্তা পরিস্থিতির বিষয়ে আলোচনা হয়েছে বৈঠকে।

বন্দুকযুদ্ধ কাশ্মীর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:13

URL: https://www.timestodaybd.com/international/1345790969